



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪



নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১১৬/২০২৩/৮৬১২

২৯ মার্চ ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী ও শূন্যপদের বিপরীতে কর্মচারী পদ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১. কম্পিউটার অপারেটর (অবসরজনিত শূন্যপদের বিপরীতে) (গ্রেড-১১তম, স্কেল ১২,৫০০-৩০,২৩০)-০১টি

শিক্ষাগত যোগ্যতাঃ দ্বিতীয় শ্রেণীর অথবা জিপিএ-২.৯০ সহ স্নাতক/সমমান ডিগ্রি। কম্পিউটার অপারেশনে সক্ষমতা ও সনদ আবশ্যিক। এসএসসি ও এইচএসসি পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৯০ থাকতে হবে।

অথবা সর্বস্তরে দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ২.৯০ সহ এসএসসি পাশ ও কম্পিউটার সায়েন্সে স্বীকৃত ইনস্টিটিউট/প্রতিষ্ঠান থেকে ৪ বছরের ডিপ্লোমা থাকতে হবে।

কোন সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/প্রতিষ্ঠানে/বেসরকারী বাণিজ্যিক প্রতিষ্ঠানে অফিস ম্যানেজমেন্ট প্রোগ্রামে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। কম্পিউটার অপারেটর পদে অবশ্যই প্রতি মিনিটে বাংলায় ২৫টি এবং ইংরেজিতে ৩০টি শব্দ কম্পিউটার কম্পোজ করার দক্ষতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর।

বি.দ্র: পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ০৩ (তিন) বছর চাকরির অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

২. অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিষ্ট (অবসরজনিত শূন্যপদ-০১) (গ্রেড-১৬তম, স্কেল: ৯,৩০০-২২,৪৯০)-০২টি

শিক্ষাগত যোগ্যতাঃ এসএসসি ও এইচএসসি/সমমান পর্যায়ে কমপক্ষে জিপিএ-২.৭৫ থাকতে হবে। বাংলা ও ইংরেজীতে কম্পিউটারে কাজ করার সক্ষমতা ও সনদ আবশ্যিক। অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিষ্ট পদে অবশ্যই প্রতি মিনিটে বাংলায় ২০টি এবং ইংরেজিতে ২৫টি শব্দ কম্পিউটার কম্পোজ করার দক্ষতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর।

বি.দ্র: পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ০৩ (তিন) বছর চাকরির অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

৩. অফিস সহায়ক (পিয়ন/দস্তুরী) (গ্রেড-২০তম, স্কেল: ৮,২৫০-২০,০১০)-০১টি

শিক্ষাগত যোগ্যতাঃ দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.২৫ সহ এসএসসি/সমমান পাশ। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর।

আবেদনের শর্তাবলী:

১. কর্মকর্তা ও কর্মচারী পদে আত্মহী প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে।

২. উপরোক্ত কর্মচারী পদে আগামী ১২ এপ্রিল ২০২৩ এর মধ্যে (অফিস চলাকালীন সময়) নিম্নস্বাক্ষরকারী বরাবর কর্মচারী (১১তম গ্রেড এবং ২০তম গ্রেড) পদে আবেদনকারীদেরকে ৬ সেট আবেদন (জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট সাইজ ২ কপি ছবি এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপিসহ) A4 সাইজ খামে জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩. প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৪. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীদেরকে নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রাধী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) গ্রেড-১১তম পদের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকা এবং গ্রেড-২০তম পদের জন্য ৩০০.০০ (তিনশত) টাকা অনলাইনে জমা প্রদান পূর্বক মূল রশিদ আবেদনের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।

৫. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল করা যেতে পারে।

৬. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বকার চাকরি গননা করে নোবিপ্রবির চাকরি গননা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদনের কপি আবেদনের সময় জমা দিতে হবে।

৭. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯, তারিখ: ২২ সেপ্টেম্বর ২০২২ স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী বয়সসীমা নির্ধারণ করা হবে।

৮. কোন পদে নিয়োগ পেতে ইচ্ছুক ব্যক্তির বয়স উক্ত পদে নিয়োগদানের জন্য প্রচারিত বিজ্ঞপ্তিতে বর্ণিত বয়স সীমার মধ্যে হতে হবে।

৯. নিয়োগের ক্ষেত্রে যে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়।

১০. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়।

১১. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনকারীর আবেদনপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক অগ্রায়িত হবে হবে। এ ক্ষেত্রে আবেদনকারীর মূল আবেদনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক স্বাক্ষর ও সিল সমেত Forwarded বা অগ্রায়িত শব্দটি লেখা থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন বলে বিবেচিত হবে।

১২. মুক্তিযোদ্ধা প্রার্থীদের ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

১৩. আবেদনকারীকে আবেদন পত্রে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং প্রার্থীর তথ্য গোপনের কারণে আবেদনপত্র বাতিলসহ যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

১৪. অনুমোদিত পদ থাকে সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৫. নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৬. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭. বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি এবং প্রযোজ্য অন্যান্য সরকারী নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ১২ এপ্রিল ২০২৩ (অফিস সময়ের মধ্যে)।

29-3-2023

ড. মুহাম্মদ আলমগীর সরকার
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

নোয়াখালীবিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

29-03-23